

মা মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪৯

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রাণ্

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا صَوْم فِي يَوْمَيْنِ: الْفطر وَالضُّحَى

বাংলা

২০৪৯-[১৪] আবৃ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত হয়েছে। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দু' দিন কোন সওম নেই। ঈদুল ফিতর আর ঈদুল আযহা। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১১৯৭, মুসলিম ৮২৭, ইবনু মাজাহ ১৭২১, ইবনু আবী শায়বাহ্ ৯৭৬৯, আহমাদ ১১৮০৪, সহীহ আল জামি' ৭৩০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে প্রমাণিত হয় যে, ঈদুল ফিতর ও আযহার দিনে সিয়াম পালন করা হারাম হওয়ায় উক্ত দিন দু'টি সিয়াম পালনের জন্য উপযুক্ত নয়। অতএব তাতে মানৎ-এর সিয়াম পালনও বৈধ নয়। আর আইয়ামে তাশরীকের হুকুমও অনুরূপ, অতি শীঘ্রই তার বর্ণনা আসবে। আর ঈদুল ফিতর ও ঈদুল আযহাকে নির্দিষ্ট করে উল্লেখ করার কারণ হলো, এ দু'টি দিন হলো মূল, আর আইয়ামে তাশরীক ঈদুল আযহার দিনের অনুগামী হওয়ায় আলোচ্য হাদীসে আইয়ামে তাশরীক আলাদাভাবে উল্লেখ করা হয়নি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 56609$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন